



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-০৫৪

স্মার্ট বাংলাদেশে সরকারি সেবা হবে স্মার্ট

-- জুনাইদ আহমেদ পলক

রাজশাহী; ৩০ ভাদ্র (১৪ সেপ্টেম্বর):

তথ্য ও যোগাযোগপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেছেন, স্মার্ট বাংলাদেশে সরকারি সেবা নেয়ার জন্য কাউকে সরকারি দপ্তরে যেতে হবে না, সবাই স্মার্ট ফোনে পাবে সরকারি সকল সেবা।

বৃহস্পতিবার (১৪ সেপ্টেম্বর) দুপুরে রাজশাহী মহানগরীর বঙ্গবন্ধু হাইটেক পার্কের শেখ কামাল আইটি ট্রেনিং ও ইনকিউবেশন সেন্টারের মিলনায়তনে “মাইক্রো কোর্স অন ইন্টেলেকচুয়াল হিস্ট্রি অব স্টার্ট-আপ” কোর্সের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি বক্তৃতাকালে তিনি এসব কথা বলেন।

জুনাইদ আহমেদ পলক বলেন, মেধাবীদের মেধার বিকাশ ঘটাতে এবং নতুন সুযোগ সৃষ্টির লক্ষ্যেই তৈরি হয়েছে হাইটেক পার্ক। তিনি নতুন প্রজন্মকে সুযোগের সঠিক ব্যবহারের পরামর্শ দেন।

প্রতিমন্ত্রী বলেন, স্মার্ট বাংলাদেশের চারটি স্তম্ভ শক্তিশালীভাবে গড়ে উঠলেই ২০৪১ সালে স্মার্ট বাংলাদেশ গড়ে উঠবে। স্মার্ট নাগরিক হতে হলে দেশপ্রেমিক, অসাম্প্রদায়িক, উদ্ভাবনী ও সৃজনশীল হতে হবে। আজকের প্রজন্ম যেভাবে গড়ে উঠবে, ২০৪১ সালের বাংলাদেশ সেভাবে এগিয়ে যাবে।

যখন যেখানে দরকার সেখানেই থাকবে স্মার্ট সরকার মন্ত্রব্য করে তিনি বলেন, সকল ক্ষেত্রে জনগণের সেবা সহজ করতে কাজ করছে সরকার। ব্যাংক, পাসপোর্ট অফিস ও স্থানীয় সরকারের ইউনিয়ন পর্যায় পর্যন্ত নাগরিকের সেবা আগের তুলনায় অনেক সহজ হয়েছে বলে তিনি উল্লেখ করেন।

উল্লেখ্য, ভবিষ্যতে স্টার্টআপ তৈরির লক্ষ্যে আয়োজিত এ কোর্সে রাজশাহী জেলার ৫টি বিশ্ববিদ্যালয় থেকে ২৩৯ জন শিক্ষার্থী অংশ নেন।

বঙ্গবন্ধু হাইটেক পার্কের ব্যবস্থাপনা পরিচালক জি এস এম জাফরউল্লাহ, এনডিসি, বিভাগীয় কমিশনার ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর অনুষ্ঠানে বক্তৃতা করেন। জেলা প্রশাসক শামীম আহমেদ, বঙ্গবন্ধু হাইটেক পার্কের প্রকল্প পরিচালক এ.কে.এ.এম ফজলুল হক, ডিজিটাল উদ্যোক্তা এবং উদ্ভাবন ইকোসিস্টেম উন্নয়ন প্রকল্পের পরিচালক আবুল ফাতাহ মো: বালিগুর রহমান এ সময় উপস্থিত ছিলেন।

এর আগে বঙ্গবন্ধু শেখ মুজিব হাইটেক পার্কের জয় সিলিকন টাওয়ারে ‘ওয়ান ফ্যামিলি, ওয়ান সিড’ উদ্যোগের আওতাধীন স্টার্টআপ স্টুডিও ‘স্মার্ট বাংলাদেশ লঞ্চপ্যাড’ এর উদ্বোধন করেন তথ্য ও যোগাযোগপ্রযুক্তি প্রতিমন্ত্রী।

.....
তৌহিদ/সিকান্দার/রুহুল/হালিম/২০২৩/১৩.৩০ঘ.